## The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 27 October, 2025

## শাহজালালের আগুনের কারণ অনুসন্ধানে ঢাকায় তুরস্কের বিশেষজ্ঞ দল

## - A Monitor Desk Report



ঢাকাঃ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন উপদেষ্টা শেখ বশির উদ্দীনের সশো তুরস্কের ৮ সদস্যের বিশেষজ্ঞ দল বৈঠক করেছেন। রবিবার (২৬ অক্টোবর) সকালে বাংলাদেশ সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো ভিলেজে সম্প্রতি ঘটে যাওয়া অগ্নিকাণ্ডের তদন্ত নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তুর্কি বিশেষজ্ঞ দল তদন্তে প্রতিটি কারিগরি ও প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে একযোগে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বিশেষজ্ঞ দলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, এই সহযোগিতা দুই দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও দৃঢ় করবে এবং তদন্ত কার্যক্রমকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বিশেষজ্ঞ দলের নেতৃত্ব দেন ফার্স্ট ডিগ্রি চিফ সুপারিনটেনডেন্ট ওইকুন ইলগুন।

বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদৃত রামিস সেন বৈঠকে উপস্থিত ছিলেন।

এছাড়া অন্যান্যের মধ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব নাসরীন জাহান, অতিরিক্ত সচিব ড. হুমায়রা সুলতানা এবং মন্ত্রণালয়ের বিমান ও সিভিল অ্যাভিয়েশন অনুবিভাগের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।